জীবননগরে ২৫০ বোতল ফেনসিডিলসহ ২ মাদক ব্যবসায়ী আটক

জীবননগর থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ২৫০ বোতল ফেনসিডিলসহ দুইজনকে আটক করেছে পুলিশ। বুধবার সকালে পৌরসভার এলাকার সুবলপুর গ্রাম থেকে তাদের কে ফেনসিডিলসহ দুইজনকে আটক করা হয়।

আটকরবৃতরা হলেন জীবননগরের সুবলপুর গ্রামের শামসুল হকের ছেলে রাশেদুল ইসলাম ও মেদেনীপুরের জহুরুল হকের ছেলে সাইফুল ইসলাম।

জীবননগর থানার ওসি (তদন্ত) ফেরদৌস ওয়াহিদ বলেন, জীবননগর থানার অফিসার ইনচার্জ ওসি শেখ গনি মিয়ার নেতৃত্বে এসআই সিরাজুল আলম, এএসআই মিলন, আফিফ ও ইমামুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে বুধবার সকাল সাড়ে ৭ টায় অভিযান চালায়। এ সময় জীবননগর পৌরসভার সুবলপুর প্রাইমারি স্কুলের পাশের একটি ধানক্ষেত থেকে রাশেদুল ও সাইফুলকে ২৫০ বোতল ফেনসিডিলসহ আটক করা হয়।
তিনি আরো জানান, ফেনসিডিলসহ গ্রেফতার আসামিদের বিরুদ্ধে জীবননগর থানায় মামলার প্রস্তুতি চলছে।
- জীবননগর প্রতিনিধি

মেহেরপুর, চুয়াডাঙ্গায় ও জীবননগরে নিরাপদ সড়ক দিবস পালিত

মেহেরপুরে জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। মেহেরপুর জেলা প্রশাসন ও বিআরটিএ দিবসটি যৌথ ভাবে পালন করে।

মঙ্গলবার সকালে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মো: তৌফিকুর রহমানের নেতৃত্বে র্যালী বের করা হয়। মেহেরপুর জেলা কার্যালয়

থেকে শুরু করে বাদ্যের তালে তালে র্যালীটি প্রধান সড়ক হয়ে জেলা শিল্পকলা একাডেমী চত্বরে গিয়ে শেষ হয়।

জাতীয় নিরাপদ সড়ক দিবসের র্যালীতে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মেহেরপুর সকোরি বালক উচ্চ বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় এন্ড কলেজ, দারুল উলুম আহমদিয়া আলিম মাদ্রাসা ও মেহেরপুর সড়ক ও জনপদ বিভাগের কর্মকর্তা কর্মচারীগণ অংশ গ্রহন করে।

পরে জেলা শিল্পকলা একাডেমী চত্বরে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় বক্তব্য রাখেন জেলা ম্যাজিস্ট্রেট মো: তৌফিকুর রহমান, বিআরটিএ এর মোটরসাইকেল পরিদর্শক মো: নালা উদ্দীন প্রমুখ।

চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান, ‘জীবনের আগে জীবিকা নয়, সড়ক দূর্ঘটনা আর নয়’ স্লোগান নিয়ে চুয়াডাঙ্গায় নিরাপদ সড়ক দিবস পালিত হয়েছে।

দিবস উপলক্ষে চুয়াডাঙ্গায় র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গতকাল মঙ্গলবার সকালে জেলা প্রশাসকের কার্যালয় থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিটি শহর প্রদক্ষিণ করে জেলা শিল্পকলা একাডেমি চত্বরে শেষ হয়। সেখানে আলোচনা সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) খোন্দকার ফরহাদ আহমদ।

প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আবুল বাশার, বিআরটিএ চুয়াডাঙ্গার সহকারি পরিচালক আতিয়ার রহমান ও নিরাপদ সড়ক চাই চুয়াডাঙ্গা শাখার সভাপতি অ্যাডভোকেট আলমগীর হোসেন। বক্তব্য রাখেন নিসচার সাধারণ সম্পাদক জাকির হোসেন।

জীবননগর প্রতিনিধি জানান, জীবননগরে বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে জাতীয় নিরাপদ সড়ক দিবস পালিত হয়েছে।

গতকাল মঙ্গলবার জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে উপজেলা পরিষদ থেকে একটি র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলামের সভাপতিত্বে উপজেলা পরিষদের অডিটোরিয়ামে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার জাহিদুল ইসলাম,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, সহকারী সিনিয়ার পুলিশ সুপার আবু রাসেল, জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ গনি মিয়া প্রমুখ।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন ভাইস চেয়ারম্যান আব্দুল সালাম ঈশা।

প্রতিদিন ডেস্ক

জীবননগরে ৮৩৪ বোতল ফেন্সিডিল উদ্ধার

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার মনোহরপুর মাঠ থেকে ৮৩৪ বোতল ভারতীয় ফেন্সিডিল উদ্ধার করেছে বিজিবি।
সোমবার গভীর রাতে গোপন সংবাদে পরিত্যক্ত অবস্থায় ফেন্সিডিলগুলো উদ্ধার করা হয়। জীবননগর এলাকার দায়িত্বপ্রাপ্ত ৫৮ বিজিবি ব্যাটালিয়নের সদস্যরা এগুলো উদ্ধার করে।

৫৮ বিজিবি ব্যাটালিয়নের সহকারি পরিচালক মোহাম্মদ নজরুল ইসলাম খাঁন জানান, সোমবার রাতে গোপন সূত্রে খবর আসে মনোহরপুর এলাকা দিয়ে বিপুল পরিমাণ ভারতীয় ফেন্সিডিল পাচার হচ্ছে। খবর পেয়ে ঘটনাস্থলে অভিযান চালায় বিজিবি সদস্যরা।

এসময় কয়েকটি বস্তায় ৮৩৪ বোতল ফেন্সিডিল পরিত্যক্ত অবস্থায় পাওয়া যায়।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

জীবননগরে নবীন – প্রবীন প্রীতি ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে

জীবননগরে সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির আওতায় নবীণ-প্রবীণ মেলা ও প্রীতি ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল মঙ্গলবার সকালে উপজেলার সীমান্ত ইউনিয়নের শাখারিয়া গ্রামের প্রবীণ সমাজিক কেন্দ্রে দিনভর নবীণ ও প্রবীণদের সমন্বয়ে ক্যারাম বোর্ড, ভলিবল, দাবা, লুডু ও বালিশ বদল খেলা অনুষ্ঠিত হয়। ওয়েভ ফাউন্ডেশন ও সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটির আয়োজনে এ খেলা অনুষ্ঠিত হয়।
সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি শাজাহান আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে খেলাধুলা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গয়েশপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাইমুল হক সাহেব,ইউপি সদস্য ইমাদ উদ্দিন, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম মধু, ইউনিয়ন প্রবীণ কমিটির সাধারন সম্পাদক আজিজুল হক, রবিউল হোসেন, শরিফুল হক বিশ্বাস প্রমুখ।
উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন সীমান্ত ইউনিয়ন প্রবীণ কমিটির প্রোগ্রাম অফিসার আসাদুজ্জামান লিটন।

জীবননগর প্রতিনিধি

ভোলায় পুলিশের গুলিতে হতাহতে প্রতিবাদে চুয়াডাঙ্গায়

বিক্ষোভ মিছিল ও সমাবেশ

ভোলার বোরহানউদ্দিনে তৌহিদী জনতার মিছিলে পুলিশের গুলিতে হতাহতের প্রতিবাদে চুয়াডাঙ্গায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকালে চুয়াডাঙ্গা জেলার সর্বস্তরের তৌহিদী জনতার ব্যানারে এ মিছিল ও সামবেশ অনুষ্ঠিত হয়।

এতে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা ওলামা পরিষদের সভাপতি মুফতি জুনায়েদ আল হাবিবী, সাধারণ সম্পাদক মুফতি মোস্তফা কামাল, জেলা ইমাম পরিষদের সাধারণ সম্পাদক মাওলানা মো. রুহুল আমিন শেখ, জীবননগর উপজেলা ওলামা পরিষদের সাধারণ সম্পাদক হাফেজ মাওলানা ইকবাল হোসেন প্রমুখ।

বক্তারা বলেন, একজন অমুসলিমের ফেসবুক আইডি থেকে আমাদের প্রিয় মহানবীকে নিয়ে কটুক্তি করা হয়েছে। সরকার প্রকৃত দোষীকে গ্রেফতারের পরিবর্তে প্রতিবাদী জনতার উপর নির্বিচারে গুলিবর্ষণ করে।

আমরা এ সকল ঘটনার প্রতিবাদ জানাই এবং অবিলম্বে সঠিক বিচারের দাবী জানাচ্ছি।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার সন্তান অমিতাভ মীর কোলকাতায় সম্বর্ধিত

যাযাবরের শব্দ সন্ধান পরিবেশিত ও মৌলি বণিক সম্পাদিত গল্প সংকলন “খোলা খাম” এর মোড়ক উন্মোচিত হলো গত রবিবার বিকেল তিনটেয় সূর্যসেন স্ট্রিটে অবস্থিত কৃষ্ণপদ ঘোষ মেমোরিয়াল ট্রাস্ট ভবনের সভাকক্ষে।

অতিথি হিসেবে মঞ্চে উপস্থিত ছিলেন প্রতিথযশা কবি সৈয়দ হাসমত জালাল, বাংলাদেশের দ্রোহের কবি অমিতাভ মীর, কবি সুধাংশু বিকাশ সাহা, হাইকুর গুরু কবি সত্য রঞ্জন বণিক প্রমুখ।

বিশিষ্ট কথাশিল্পী মানস সরকারের সভাপতিত্বে ও চম্পা সর্দার এর প্রাণবন্ত সঞ্চালনায় প্রদীপ প্রজ্জ্বলন ও অনিন্দিতা মÐলের সুরেলা কণ্ঠের উদ্বোধনী সঙ্গীত পরিবেশনার মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ সূচনা হয়।

এই গল্প সংকলনে কলম ধরেছেন মৌলি বণিক, চম্পা সর্দার, তুহিনা সুলতানা, সৌমী শাঁখারী, সন্দীপ ভট্টাচার্য্য, মৌমিতা গড়াই, সঞ্জয় সরকার, মুনশ্যাম ও বিস্ময় প্রতিভা অকাল প্রয়াত কবি ও কথাশিল্পী পায়েল খাঁড়া।

নির্ধারিত বক্তব্যে কবি অমিতাভ মীর “বিপন্ন ভাষা ও বিপন্ন সাহিত্য” শীর্ষক এক নাতিদীর্ঘ বক্তব্যে চর্চার অভাবে ভাষা বিলীন হওয়ার সম্ভাবনা থেকে সাহিত্য বিপন্ন হওয়ার আশংকা তুলে ধরেন। সেই সাথে এ আশাবাদ ব্যক্ত করেন- বাংলা ভাষা ও সাহিত্য বিপন্ন হবে না যতদিন শব্দ সন্ধানী যাযাবররা তথা মৌলি বণিক, চম্পা সর্দার প্রমুখ এভাবেই নিরলস শব্দ সন্ধানের সাধনায় ব্রতী থাকবে এবং ভবিষ্যৎ প্রজন্মকেও এ ব্রতে সম্পৃক্ত রাখতে পারবে।

প্রধান অতিথির বক্তব্যে সৈয়দ হাসমত জালাল এ বিষয়ে আরও বিস্তারিত তথ্য তুলে ধরে বক্তব্য রাখেন।
অনুষ্ঠানে কবি অমিতাভ মীর এর হাতে সম্মাননা স্মারক তুলে দেন কবি সৈয়দ হাসমত জালাল। কবি অমিতাভ মীর চার দিনের সফল সফর শেষে আজ চুয়াডাঙ্গায় ফিরবেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় নকল ব্যান্ডরোল

ব্যাবহারের কারণে সরকার রাজস্ব থেকে বঞ্চিত

আলমডাঙ্গায় বিভিন্ন কমদামের নকল ব্যান্ডরোল ব্যাবহারের কারণে সরকার কোটি টাকার রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে।

গতকাল বাজার ঘুরে দেখা গেল আকিজ বিড়ি,নাসির বিড়ি সহ নামি দামি কোম্পানির বিড়ি নকল করে, নকল ব্যান্ড রোল ব্যাবহার করার কারনে ভোক্তা সাধারণ বাধ্য হয়ে নকল বিড়ি পান করতে ব্যাধ্য হচ্ছে।

আলমডাঙ্গা বাজার, মুন্সি গঞ্জ বাজার, হাটবোয়ালিয়া, জামজামি বাজার সহ সকল বাজারে ছোট, বড় দোকানে নকল বিড়িতে ছেয়ে গেছে।

নকল বিড়ি দেখে বোঝার উপায় নেই, যে এটা নকল না আসল। নকল কোম্পানি গুলো এমন ভাবে ব্যান্ড রোলের সিল মেরে দিচ্ছি, তাতে দোকান দাররা পর্যন্ত ধরতে পারছে না, এ ছাড়াও কিছু অসাধু ব্যাবসায়ি আছে যারা কম দামে নকল বিড়ি কিনি বেশি দামে বিক্রয় করছে। এতে সরকার কোটি টাকার রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে।

এ ব্যাপারে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী এই প্রতিবেদক কে জানান, যে সমস্ত অসাধু ব্যাবসায়ি নকল ব্যান্ডরোল ব্যাবহার করে সরকারকে রাজস্ব থেকে বঞ্চিত করছে তাদের বিরুদ্ধ ব্যাবস্থা নেওয়া হবে, এ ব্যাপারে অচিরেই অভিযান চালাবেন বলে জানান।

সাংবাদিকদের অনুরোধ করেন তথ্য দিয়ে সহযোগিতা করতে। নকল ব্যান্ড রোল গুলোর মধ্যে উল্লেখ যোগ্য আলী, সাথী, লতা, মোহীনি, স্টার, তপু, তামিম, আনোয়ার, মন্টু, মজনু, কল্পনা, এই সব বিড়ির ব্যান্ডরোল নকল ছাপান।

বিভিন্ন বাজারে এরা ডিলারের মাধ্যমে নকল বিড়ি ভোক্তাদের কাছে সরবরাহ করছে। যার ফলে প্রতারিত হচ্ছে ভোক্তা সাধারণ ও সরকার কোটি কোটি টাকার রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছে।
এ বিষয়ে কয়েকটি দোকানদারের সাথে কথা বললে তারা জানান ঘটনা সত্য, জামজমির দোকানদার রাকিব উদ্দিন, ছত্রপাড়ার শাহারুল, ভাংবাড়িয়ার মিজান, মুকুল, সালাম জানান আমরা নকল বিড়ি ব্যাবসায়িদের কারনে অতিষ্ট।

তারা নকল ব্যান্ডরোল লাগিয়ে আমাদের কে বিপদে ফেলছে। ভোক্তাদের মধ্যে কয়েকজনের সাথে কথা হয়েছে, আলমডাঙ্গা হাউসপুরের কালাম, জামজামির তাহাজ উদ্দিন, ডাউকির আবুল, সাহিন সকলেই নকল বিড়ির বিষয়ে অভিযোগ করে বলেন আমরা তো আকিজ, নাসির বিড়ি কিনছি, কিন্ত এই বিড়ি যে নকল, না আসল বোঝার উপায় থাকে না, তবে ব্যান্ডরোল ভাল ভাবে দেখলে বোঝা যায় আসল না নকল।

তারা নকল বিড়ি ব্যাবসায়িদের বিরুদ্ধে দ্রæত ব্যাবস্থা নেওয়ার দাবি জানান।

আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের মাঝে চেক বিতরণ

আলমডাঙ্গা উপজেলা সমাজ সেবা অফিস কতৃক প্রাকৃতিক ক্ষতিগ্রস্থদের মাঝে চেক বিতরণ করা হয়েছে।

গতকাল বেলা ১১টার দিকে সমাজ সেবা অফিসারের অফিস কক্ষে চেক বিতরন করা হয়েছে। বাংলাদেশ জাতীয় সমাজ কল্যাণ পরিষদ কতৃক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দের মাঝে চেক বিতরণ অনুষ্টানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন সরকার দেশের সকল প্রকার দুস্থদের জন্য কাজ করে যাচ্ছে। সমাজ সেবা অফিসের মাধ্যমে বিধবা ভাতা, বয়স্ক ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা, প্রতিবন্ধি ভাতা সহ বিভিন্ন প্রকার ভাতা প্রদান করা হয়ে থাকে।

স্বাগত বক্তব্য রাখেন সমাজ সেবা অফিসার আফাজ উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান অ্যাড: সালমুন আহম্মদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম।

সভায় আলমডাঙ্গা উপজেলার বিভিন্ন ইউনিয়নের মোট ৮৪ জনকে ৫ হাজার টাকা করে মোট ৪ লক্ষ ১০ হাজার টাকার চেক প্রদান করেন অতিথি বৃন্দ।

আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গায় জাতীয় স্যানিটেশন ও বিশ্বহাত ধোয়া দিবস পালিত

আলমডাঙ্গায় জাতীয় স্যানিটেশন ও বিশ্বহাত ধোয়া দিবস উদযাপন উপলক্ষের্যালী ও আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল সকাল ১০টার দিকে উপজেলা পরিষদ চত্তর থেকে এক বর্নাঢ্যর্যালী শহরে প্রদক্ষিন শেষে একই স্থানে এসে শেষ হয়।

পরে শিক্ষার্থীদের হাতধোয়া বিষয়ে সচেতনা মুলক প্রশিক্ষণ দেওয়া হয়। পরে উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভা অনুষ্টিত হয়।

সকলের জন্য উন্নত স্যানিটেশন, নিশ্চিত হোক সুস্থ জীবন, সকলের হাত, পরিছন্ন থাক এই প্রতিপাদ্য কে সামনে নিয়ে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান। অ্যাড: সালমুন আহম্মদ ডন। তিনি বলেন আমাদের প্রাত্যহিক জীবনের সাথে স্যানিটেশন ও হাত ধোয়ার বিষয়টি জড়িয়ে আছে।
বর্তমানে আমাদের উপজেলায় প্রায় প্রতিটি বাড়ীতে স্যানিটেশন পায়খানার ব্যাবস্থা আছে, তাপরও খোজ নিয়ে জানাগেছে, গ্রামীণ জনপদে বহু বাড়ীতে স্যানিটেশনের আওতায় আসেনি, এবং ক্যানেলপাড়া, ফকিরপাড়া, সহ বিভিন্ন ছান্নমুল পরিবেশে স্যানিটেশন পৌছায়নি, তাদেরকে স্যানিটেশনের আওতায় আনতে হবে।

এবং স্কুলের ছেলেদের ভাত বা অন্য যে কোন খাবার খাওয়ার আগে এবং মলত্যাগের পর সাবান দিয়ে হাত ধুতে সচেতনা বৃদ্ধি করতে হবে।

সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু,মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আব্দুল বারি, পৌরসভার প্যানেল মেয়র সদরউদ্দিন ভোলা, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, নির্বাচন অফিসার কেজি মোস্তফা, যুব উন্নয়ন কর্মকর্তা আনিসুজ্জামান, সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিন।

ব্রাক ওয়াস কর্মসুচির কর্মকর্তা হাফিজুর রহমানের উপস্থাপনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, এস আই হেলেনা, পৌর স্যানেটারি পরিদর্শক বিল্লাল হোসেন, ইনেস্ট্রাকটর আনোয়ার হোসেন, জনস্বাস্থ্য প্রকৌশলী আব্দুর রশিদ, সরকারি উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম খান, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, ব্রাক ওয়াস কর্মসুচির ম্যানেজার সাইফুল ইসলাম, শিক্ষক ছায়ারানী, শিক্ষার্থী বৃন্দ প্রমুখ।

আলমডাঙ্গা প্রতিনিধি

দর্শনা থেকে দামুড়হুদা উপজেলা চেয়ারম্যানের পি এস আটক

চুয়াডাঙ্গার দর্শনা ধানসিড়ি হোটেল থেকে দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনসুর বাবুর ব্যাক্তি গত সহকারি মোহাম্মদ আলী কে আটক করেছে মেহেরপুরের ডিবি পুলিশ।

গতকাল সোমবার রাত সাড়ে ৮ টার দিকে তএক আটক করা হয়। দর্শনা পুলিশ তদন্ত কেন্দ্রের ওসি শেখ মাহবুবুৃর রহমান আটকের বিষয় টি নিশ্চিত করেছেন।

তবে মেহেরপুর ডিবির ওসি রবিউল ইসলাম জানান দর্শনায় এ সংক্রান্ত কোন টিম পাঠানো হয়নি।

দর্শনা প্রতিনিধি